যুগান্তর

তারিখ ..11.FEB..2016.. ...
পৃষ্ঠা ...2... কলাম...৫......

# জবির 'বি' ও 'ই' ইউনিটের ৬ষ্ঠ মেধা তালিকা প্রকাশ

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) প্রথম সেমিস্টারে 'বি' ও 'ই' ইউনিটের বিষয়ভিত্তিক ৬ষ্ঠ মনোনয়ন তালিকা বুধবার প্রকাশ করা হয়েছে। এছাড়া একই সঙ্গে প্রকাশিত হয়েছে 'বি' ইউনিটের ৫ম মাইগ্রেশনের তালিকাও। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর সূত্রে জানা গেছে, 'বি' ইউনিটের মানবিক শাখার মেধাক্রম ১৫২৮ থেকে ১৮৭৭, বিজ্ঞান শাখার মেধাক্রম ৪৫৪ থেকে ৫০০ এবং বাণিজ্য ও অন্যান্য শাখার মেধাক্রম ২৫৩ থেকে ২৭৯ পর্যন্ত নির্বাচিত প্রার্থীরা ৬ষ্ঠ মেধা তালিকায় মনোনীত হয়েছেন। অপরদিকে 'ই' ইউনিটের সংগীত বিভাগে ৬১ থেকে ৬৩ মেধাক্রমধারীদের মধ্যে নির্বাচিত প্রার্থীরা ৬ষ্ঠ মেধা তালিকায় মনোনীত হয়েছেন। মনোনীত শিক্ষার্থীদের আজ (১১ ফেব্রুয়ারি) থেকে ১৪ ফেব্রুয়ারি তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এছাড়া, মাইগ্রেশনের জন্য তালিকাভুক্ত শিক্ষার্থীদের অনতিবিলম্বে মাইগ্রেশনের মাধ্যমে প্রাপ্ত নতুন বিভাগে যোগাযোগ করতে হবে। মাইগ্রেশনে নতুন বিভাগ প্রাপ্ত শিক্ষার্থীর পূর্ববর্তী বিভাগের সঙ্গে আর কোনো সংশ্লিষ্টতা থাকবে না।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.jnu.ac.bd) - এ পাওয়া যাচ্ছে।